**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 22-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**State Budget :**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহরায় গতকাল রাজ্য বিধানসভায় ২০২৫-২৬ অর্থ বছরের জন্য উন্নয়নমূলক বাজেট পেশ করেছেন। বাজেটে ৩২ হাজার ৪২৩ কোটি ৪৪ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সম্ভাব্য আয় ধরা হয়েছে ৩১ হাজার ৯৯৩ কোটি ৮৮ লক্ষ টাকা। ঘাটতি ৪২৯ কোটি ৫৬ লাখ টাকা। আগামী অর্থ বছরের বাজেটে নতুন কোনো করের প্রস্তাব করা হয়নি। এই বাজেটে রাজ্যের নিজস্ব কর রাজস্ব ৪ হাজার ১০ কোটি টাকা এবং কর বহির্ভূত রাজস্ব ৫০৪ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বাজেটে মূলধনী ব্যয়ে ধরা হয়েছে ৭ হাজার ৯০৩ কোটি টাকা।

অর্থমন্ত্রী বাজেটে নতুন ১৩টি প্রকল্প ঘোষণা করেছেন। অর্থমন্ত্রী বাজেট ভাষণে বলেন, প্রধানমন্ত্রী জন বিকাশ কার্যক্রম এর অধীনে সংখ্যালঘু অধ্যুষিত ব্লোকগুলির আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের জন্য ২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। নতুন প্রকল্প 'মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনার প্রবর্তনের আওতায়, রাজ্য সরকার অন্ত্যোদয় পরিবারের একজন কন্যা সন্তানের বিয়ের খরচ বহন করবে। এতে রাজ্য সরকার ৫০,০০০ টাকা ব্যয় করবে।

মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা' নামে নতুন প্রকল্প চালু করা হচ্ছে। এই প্রকল্পের আওতায়, ত্রিপুরার স্থায়ী বাসিন্দা অন্ত্যোদয় পরিবারের নবজাতক কন্যা সন্তানের জন্য ৫০,০০০ টাকা বিনিয়োগ করা হবে, যা মেয়েটির ১৮ বছর বয়স হওয়ার পর নগদ করতে পারবে। সেনাবাহিনী ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী জওয়ানদের কন্যা পুত্রের জন্য মুখ্যমন্ত্রীর সহায়তা নামে একটি নতুন প্রকল্প চালুর প্রস্তাব করা হয়েছে আগামী অর্থবছরের বাজেটে।

*************************

**Assembly-DA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল বিধানসভার বাজেট অধিবেশনে রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ৩ শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদানের সিদ্ধান্ত ঘোষণা করেন। অবসরপ্রাপ্ত কর্মচারীরাও ৩ শতাংশ হারে ডিয়ারনেস রিলিফ পাবেন। মহার্ঘ্য ভাতা প্রদানের এই সিদ্ধান্ত আগামী পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে। তিনি বলেন এরজন্য রাজ্য সরকারের ৩০০ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হবে।

*************************

**Budget Reaction MP's :**

সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্য বাজেটের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেন রাজ্যের সমাজের অন্তিম ব্যক্তিদের কথা মাথয় রেখে এই বাজেট পেশ করা হয়েছে। এই বিকশিত বাজেট রাজ্যের উন্নয়নের পথ সুগম করবে। অন্যদিকে সাংসদ রাজীব ভট্টাচার্য এই বাজেটে সরকারি কর্মচারী, যুবক, মহিলা, কৃষক সহ সমাজের সব ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে রাজ্যের সার্বিক বিকাশের জন্য অর্থ বরাদ্দ রাখা হয়েছে বলে জানিয়েছেন তিনি।

*****************************

**Bihar Foundation Day- Governor :**

বিহারের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিহারের প্রত্যেক নাগরিককে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, বিহার একটি জ্ঞানীর ভূমি, যেখানে চানক্য, আর্যভট্ট এবং গুরু গোবিন্দ সিংহের মতো মহান পন্ডিতরা তাদের চিহ্ন রেখে গেছেন। বিহার জৈনধর্ম ও বৌদ্ধধর্মের প্রবর্তনস্থান। এখানে প্রাচীন নালন্দা এবং বিক্রমশীলা বিশ্ববিদ্যালয় সহ ভারতের ইতিহাসের কিছু উল্লেখযোগ্য প্রতিষ্ঠান রয়েছে।

শুভেচ্ছা বার্তায় তিনি আরোও বলেন, বিহারে কৃষি, শিল্প, শিক্ষা এবং উদ্ভাবনের অপার সম্ভাবনা রয়েছে।

************************

**Train services :**

আজ আগরতলা–সাব্রুম রেল লাইনে ট্রেনে চলাচল বন্ধ রাখার ঘোষণা দিয়েছে উত্তর পূর্ব রেল। গতকাল উত্তর পূর্ব রেল জানিয়েছে, আজ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনের পরিষেবা আগরতলা থেকে সাব্রুম পর্যন্ত বাতিল করা হয়েছে। এছাড়া আগরতলা থেকে সাব্রুমের দুটি ডেমো ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে।

**********************

**100 Days Stop TB :**

কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল গতকাল লোকসভায় জানিয়েছেন ভারত এই বছর যক্ষ্মামুক্ত দেশ হওয়ার লক্ষ্যে দ্রুত এগিয়ে চলেছে। দেশে যক্ষ্মা রোগের প্রকোপ ২০১৫ সালে প্রতি লক্ষ জনসংখ্যায় ২৩৭ জন থেকে ১৭.৭ শতাংশ কমে ২০২৩ সালে প্রতি লক্ষ জনসংখ্যায় ১৯৫ জনে দাঁড়িয়েছে, যা বিশ্বব্যাপী হ্রাসের দ্বিগুণেরও বেশি। তিনি ভারতকে যক্ষ্মা মুক্ত করার লক্ষ্যে ১০০ দিনের বিশেষ অভিযানের সাফল্য সম্পর্কেও বিস্তারিত উল্লেখ করেন।

************************

**100 days TB South :**

প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযানে ৮২ জন যক্ষারোগী শনাক্ত হয়েছে দক্ষিণ জেলায়। গতকাল সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান দক্ষিন জেলার জেলা শাসক স্মিতা মল এম এস। তিনি জানান, ২০২৪ সালের ৭ ডিসেম্বর থেকে দক্ষিণ জেলায় শুরু হয় ১০০ দিনের টিবি মুক্ত অভিযান কর্মসূচী। শনাক্ত হওয়া প্রত্যেক যক্ষারোগীকে বিনামূল্যে ঔষধ ও নিক্ষয়

পোষণ যোজনার মাধ্যমে প্রতিমাসে ১০০০ টাকা ও ফুড বাস্কেট প্রদান করা হচ্ছে।

***************************

**Earth Hour :**

আজ রাত সাড়ে ৮টা থেকে রাত সাড়ে ৯টা পর্যন্ত সারা দেশে আর্থ আওয়ার পালন করা হবে। ডাব্লিউ ডাব্লিউ এফ-ইন্ডিয়া-এর সেক্রেটারি জেনারেল তথা সিইও রাজ্যের সমস্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে এবং নাগরিকদের এই সময়ে অপ্রয়োজনীয় আলো বন্ধ রেখে আর্থ আওয়ার পালন করার আহ্বান জানিয়েছেন।

************************

**Sports Talent Search :**

আগরতলার উমাকান্ত একাডেমির মাঠে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় গতকাল রাজ্য ভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট সার্চ কর্মসূচির উদ্বোধন করেন। ৮টি জেলায় ৮০০ জন বাছাই প্রতিভা রাজ্য আসরে অংশ নিয়েছে। ফুটবল, এথলেটিক্স, খোখো ও কাবাডি এই চারটি ইভেন্টে আগামীকাল পর্যন্ত খেলা চলবে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

**************************